

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
www.mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৪.২১.৫৫৪

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

বিষয়: মেডিকেল কলেজসমূহের ৩য় ও ৪র্থ বর্ষসহ অন্যান্য চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অবশিষ্ট সকল বর্ষের ক্লাস সশরীরে চালুকরণ


- সূত্র-১: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে ০২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত
২: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পত্র নং-৫৯.০০.০০০.১৪০.১৮.০১৪.২১.৪৩৫, তারিখ: ০৮/০৯/২০২১ খ্রি.
৩: কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় পরামর্শক কমিটির ৩১/১০/২০২১ তারিখের পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের প্রস্তাব ও কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় পরামর্শক কমিটির মতামতের ভিত্তিতে মেডিকেল কলেজসমূহের ৩য় ও ৪র্থ বর্ষসহ অন্যান্য চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অবশিষ্ট সকল বর্ষের ক্লাস আগামী ০৬ নভেম্বর ২০২১ তারিখ শনিবার হতে সশরীরে শুরুর জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

০২। সশরীরে ক্লাস শুরুর ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে:

- ক) কোভিড-১৯ এর দুই ডোজ টিকা প্রাপ্ত শিক্ষার্থীরা সশরীরে ক্লাসে অংশগ্রহণ করতে পারবেন;
খ) ক্লাস শুরুর আগে সকল ছাত্র/ছাত্রীকে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এর উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে;
গ) শতভাগ সঠিকভাবে মাস্ক পরা ও সামাজিক দুরত্ব নিশ্চিত করাসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে;
ঘ) হাসপাতালের ওয়ার্ডে ক্লাস চলাকালীন ছাত্র/ছাত্রীদের সঠিকভাবে সুরক্ষা সামগ্রী ব্যবহার নিশ্চিত করতে হবে;
ঙ) ছাত্র/ছাত্রীদের সংক্রমণের উপর নজরদারী রাখতে হবে; এবং
চ) সংক্রমিত ছাত্র/ছাত্রীদের চিকিৎসা/আইসোলেশন এবং তাদের সংস্পর্শে আসা ছাত্র/ছাত্রীদের ১৪ দিন কোয়ারেন্টিনের ব্যবস্থা করতে হবে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৬/১১/২১
(মোহাম্মদ আবদুল কাদের)
উপসচিব

ফোন-৯৫৪০৭৩০

e-mail: me1@mefwd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
৩. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ঢাকা
৪. পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫. ডীন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
৬. রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা
৭. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ঢাকা
৮. রেজিস্ট্রার, বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন, ঢাকা
৯. রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, ঢাকা

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য


১০. অধ্যক্ষ..... মেডিকেল কলেজ (সকল সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ)
১১. অধ্যক্ষ..... ডেন্টাল কলেজ/ইউনিট (সকল সরকারি/বেসরকারি ডেন্টাল কলেজ/ইউনিট)
১২. অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট (সকল সরকারি/বেসরকারি নার্সিং কলেজ/ইনস্টিটিউট)
১৩. অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান)
১৪. অধ্যক্ষ, মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান)
১৫. অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, মিরপুর, ঢাকা
১৬. অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, মিরপুর, ঢাকা
১৭. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)

নং-৫৯.০০.০০০০.১৪০.১৮.০১৪.২১.৫৫৪

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৫. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৬. যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ



০৩/১১/২১

(মোহাম্মদ আবদুল কাদের)

উপসচিব